গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

## জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিলের ৯ম সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ মাহবুব-উল-আলম, সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
তারিখ ও বারঃ ১৭ আগস্ট ২০২৫, রবিবার
সময়: বিকাল ৩.০০ ঘটিকা
স্থান: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা এর সম্মেলন কক্ষ।
পরিশিষ্টঃ সভায় উপস্থিতির তালিকা

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ও সদস্যসচিব, নির্বাহী কাউন্সিল সভার আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তৎপ্রেক্ষিতে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**আলোচ্য বিষয় ০১**

**বিষয়ঃ** **জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ৮ম সভার কার্যবিবরণী অনুমোদনঃ**

**আলোচনাঃ** জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ৮ম সভা ১৩ মার্চ ২০২৫ তারিখ সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে উহাতে কোনরুপ সংশোধনী উপস্থাপিত না হওয়ায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা যায় মর্মে সভায় প্রস্তাব করা হলে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

**সিদ্ধান্তঃ** **নির্বাহী কাউন্সিলের ৮ম সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হলো।**

**আলোচ্য বিষয় ০২**

**বিষয়ঃ** **জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর নির্বাহী কাউন্সিলের ৮ম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতিঃ**

**আলোচনাঃ** নির্বাহী কাউন্সিলের ৮ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করলে সদস্য সচিব বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের নিম্নোক্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

| ক্রমিক নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | ২.১ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৬১ এবং বিধি ৬২ অনুযায়ী ইনস্টিটিউটের নিজস্ব কর্মকর্তা/কর্মচারিদের পেনশন সুবিধা নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত কমিটিকে দ্রুত পেনশনের রূপরেখা পেশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | গঠিত কমিটি বিভিন্ন প্রতিষ্ঠানে বিদ্যমান পেনশন সংক্রান্ত নীতিমালা/বিধিমালা যাচাই করেছে। ইনস্টিটিউটের নিজস্ব কর্মচারিদের পেনশন সংক্রান্ত খসড়া নীতিমালা/বিধিমালা প্রস্তুতির কাজ চলমান। |
| ০২ | ৩.১ Diploma in Hotel Tourism & Hospitality Management কোর্সের পরিবর্তিত নাম হবে Diploma in Tourism & Hospitality Management (THM) | বাস্তবায়িত |
| ০৩ | ৩.২ Communicative English Language কোর্সের পরিবর্তিত নাম হবে English Language and Business Communication | বাস্তবায়িত |
| ০৪ | ৩.৩ Diploma in ICT (Major in AI) এবং PGD in Apparel Merchandising কোর্সসমূহের সামগ্রিক রূপরেখা প্রণয়নের লক্ষ্যে গঠিত | গঠিত কমিটির ০১ টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের আইপিই |

| | | |
|---|---|---|
| | কমিটি Diploma in ICT (Major in AI) এবং PGD in Apparel Merchandising ট্রেডের সম্ভাব্য সময়সীমা, সিলেবাস, রিসোর্স পারসন এবং ট্রেড সংশ্লিষ্ট ইন্টার্ণশীপ বিষয়ে একটি রূপরেখা প্রণয়নপূর্বক আগামী ০২ মাসের মধ্যে মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট বরাবর একটি প্রতিবেদন দাখিল করবেন। পরবর্তীতে এবিষয়ে সংশ্লিষ্ট অংশীজনের অংশগ্রহণে সেমিনার আয়োজিত হবে। | বিভাগের শিক্ষক অধ্যাপক নিখিলরঞ্জন ধর সিলেবাস প্রণয়নের বিষয়ে কিছু পরামর্শ প্রদান করেছেন। তৎপ্রেক্ষিতে সিলেবাস প্রণয়নের কার্যক্রম চলমান আছে। উল্লেখ্য, ইনস্টিটিউটে রেজিস্ট্রার পদ বিগত ২১ মে ২০২৫ তারিখ থেকে শূন্য থাকায় কমিটির কোন সভা অনুষ্ঠিত হয়নি। |
| ০৫ | ৪.১ এবং ৪.২ ইনস্টিটিউটের ০৯-১০ গ্রেড এবং ১১-২০ গ্রেডের শূন্যপদসমূহে নিয়োগের লক্ষ্যে গঠিত কমিটিসমূহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে সরাসরি জনবল নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক জরুরীভিত্তিতে শূন্যপদে নিয়োগের কার্যক্রম গ্রহন করবে। | শূন্যপদে নিয়োগের লক্ষ্যে গত ২২ জুলাই ২০২৫ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে। আবেদনের শেষ সময় ২১ আগস্ট ২০২৫ বিকাল ০৫.০০ টা। আবেদনের তারিখ শেষ হলে নিয়োগের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। |
| ০৬ | ৫.০ ইনস্টিটিউটের জনবল কাঠামো চূড়ান্তকরণের লক্ষ্যে গঠিত টেকনিক্যাল কমিটি আগামী ২ মাসের মধ্যে ইনস্টিটিউটের জনবল কাঠামো চূড়ান্তকরণের লক্ষ্যে বিভিন্ন পদের যৌক্তিকতা, সেসকল পদের সৃজন পদ্ধতি, প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগের শর্ত/ যোগ্যতা, নিয়োগ পদ্ধতি, পদোন্নতি, এবং পদোন্নতির শর্তসহ একটি পূর্ণাংগ প্রতিবেদন মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট বরাবর দাখিল করবেন। মহাপরিচালক উক্ত প্রতিবেদন কাউন্সিলের পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | খসড়া জনবল কাঠামো প্রস্তুতির কার্যক্রম চলমান। রেজিস্ট্রার পদ বিগত ২১ মে ২০২৫ তারিখ থেকে শূন্য থাকায় কমিটির কোন সভা অনুষ্ঠিত হয়নি। |
| ০৭ | ৬.০ ইনস্টিটিউটের জনবল কাঠামো ও বিধিমালা দ্রুত চূড়ান্ত করতে হবে। | ইনস্টিটিউটের জনবল কাঠামো নিয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর উপ-উপাচার্য মহোদয়ের নেতৃত্বে গঠিত কমিটি কাজ করছে। কমিটির সদস্য সচিব রেজিস্ট্রার, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর পদ শূন্য থাকায় জনবল কাঠামো চূড়ান্তকরণে দেরী হচ্ছে। এছাড়াও ইনস্টিটিউট আইনের আওতায় প্রবিধানমালা প্রণয়ন করা হয়েছে। একজন অভিজ্ঞ অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা দ্বারা উক্ত প্রবিধানমালা অধিকতর যাচাই বাছাই অন্তে চূড়ান্ত করা যেতে পারে। |

এ পর্যায়ে ইনস্টিটিউটে কর্মরত কর্মচারিদের পেনশন সুবিধা নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত কমিটি, Diploma in ICT (Major in AI) এবং PGD in Apparel Merchandising কোর্সসমূহের সামগ্রিক রূপরেখা প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটি এবং ইনস্টিটিউটের জনবল কাঠামো চূড়ান্তকরণের লক্ষ্যে গঠিত টেকনিক্যাল কমিটিসমূহ প্রতিবেদন দাখিল না করায় সভাপতি অসন্তোষ

ব্যক্ত করেন। সভায় উপস্থিত যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) সভাকে জানান যে, পেনশন সুবিধা বাস্তবায়ন না হলে ইনস্টিটিউটের চাকুরীতে অনেকেই আগ্রহী হবে না। এ পর্যায়ে সভায় উপস্থিত এমডিএস, বিপিএটিসি জানান যে, বিপিএটিসির আদলে ইনস্টিটিউটে পেনশন রূপরেখা প্রণয়ন করা যেতে পারে। এছাড়াও কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত প্রতিনিধি নবগঠিত বিভিন্ন ইনস্টিটিউটে কীভাবে পেনশন সুবিধা প্রদান করা হচ্ছে সেগুলো অনুসরণ করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেন। এ পর্যায়ে সভাপতি আগামী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে গঠিত কমিটিসমূহকে তাদের প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্তঃ** ২.১ ইনস্টিটিউটে কর্মরত কর্মচারিদের পেনশন সুবিধা নিশ্চিতকরণের লক্ষ্যে গঠিত কমিটি বিপিএটিসি সহ অন্যান্য প্রতিষ্ঠানের পেনশন ব্যবস্থাপনা যাচাইপূর্বক সুনির্দিষ্ট প্রস্তাবনা আগামী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

২.২ Diploma in ICT (Major in AI) এবং PGD in Apparel Marchandising কোর্সসমূহের সামগ্রিক রূপরেখা প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটি এবং ইনস্টিটিউটের জনবল কাঠামো চূড়ান্তকরণের লক্ষ্যে গঠিত কমিটি আগামী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

**বাস্তবায়নকারীঃ** মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

**আলোচ্য বিষয় ০৩**

**বিষয়ঃ** **জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ২০২৪-২৫ অর্থ বছরের ইনস্টিটিউটের আয়-ব্যয় অনুমোদনঃ**

**আলোচনাঃ** সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থবছরে ইনস্টিটিউটে ১৬৯৭.৬২ লক্ষ টাকা বাজেট বরাদ্দ পাওয়া যায়। তন্মধ্যে ৯০৯.২৬৪৮৮ লক্ষ টাকা ব্যয় করা হয় এবং ৭৮৮.৩৫৫১১ লক্ষ টাকা অব্যয়িত থাকে। সভাপতি প্রাপ্ত বরাদ্দের প্রায় ৪৬% অব্যয়িত থাকার বিষয়ে সদস্য সচিবের নিকট জানতে চাইলে তিনি জানান যে, অব্যয়িত অর্থ সংস্কার ও মেরামত এবং বিভিন্ন ল্যাব নির্মাণ খাত সংশ্লিষ্ট। ইনস্টিটিউটের প্রকৌশলী পদ শূন্য থাকায় এসকল ক্ষেত্রে প্রয়োজনীয় বাজার দর যাচাই কিংবা দরপত্র আহবান করা সম্ভব হয়নি। সভাপতি বররাদ্দকৃত অর্থের প্রায় ৪৬% অব্যয়িত থাকায় অসন্তোষ প্রকাশ করেন এবং বর্ণিত প্রেক্ষাপটে গণপূর্ত অধিদপ্তর কিংবা অন্য দপ্তরের সহায়তায় সংস্কার/মেরামত কিংবা ক্রয়কার্য সম্পাদন করা যেত মর্মে মত প্রকাশ করেন। সদস্যসচিব সভাকে অবহিত করেন যে, ইনস্টিটিউটের ১৪ (চৌদ্দ)টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে, যেখানে ১(এক) টি উপসহকারী প্রকৌশলীর পদও রয়েছে। আশা করা যায় আগামী ৪৫ (পঁয়তাল্লিশ) কর্মদিবসের মধ্যে উপসহকারী প্রকৌশলী সহ অন্যান্য শূন্যপদে নিয়োগ প্রদান করা সম্ভব হবে। তখন সংস্কার/মেরামত এবং ক্রয়কার্য সম্পাদন নিজস্ব প্রকৌশলী দ্বারা সম্পাদন করা সম্ভব হবে।

**সিদ্ধান্তঃ** ৩.১ ২০২৪-২৫ অর্থবছরের আয়-ব্যয় অনুমোদন করা হলো। ভবিষ্যতে বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে আরও গতিশীল হওয়ার নির্দেশনা প্রদান করা হলো।

**বাস্তবায়নকারীঃ** মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

**আলোচ্য বিষয় ০৪**

**বিষয়ঃ** **জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর আয় বৃদ্ধির লক্ষ্যে পরিচালিত আবাসিক কোর্সসমূহে কোর্স ফি চালুকরণঃ**

**আলোচনাঃ** সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কিন্তু এর নিজস্ব কোনো আয় নেই। ইনস্টিটিউটে ৪৪টি ট্রেডে বর্তমানে প্রায় প্রতি বছর ১০০০ জন প্রশিক্ষণার্থীদের ২ সপ্তাহ থেকে ৬ মাস ব্যাপী সম্পূর্ণ বিনামূল্যে আবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়। নিজস্ব আয় না থাকায় এখনও কর্মচারীদের জন্য ভবিষ্যৎ তহবিল সুবিধা চালু করা সম্ভব হয় নি এবং ভবিষ্যতে কর্মকর্তা-কর্মচারিদের অবসর সুবিধা প্রদান সম্ভব হবে না। ইনস্টিটিউটের নিজস্ব আয়ের লক্ষ্যে তহবিল গঠন এবং পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহের গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে কোর্সসমূহে কোর্স ফি চালু করা যেতে পারে। জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮ এর ২০(ঘ) ধারায় তহবিল গঠনের লক্ষ্যে কোর্স ফি আদায়ের বিষয়টি উল্লেখ আছে।তিনি আরও জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন মেয়াদী কোর্সসমূহে বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের আওতাধীন ন্যাশনাল হোটেল এন্ড ট্যুরিজম ট্রেনিং ইনস্টিটিউটে পরিচালিত স্বল্প মেয়াদী কোর্সসমূহে নির্বাচিত প্রশিক্ষণার্থীগণ হতে কোর্স ফি গ্রহণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এ পরিচালিত কোর্সসমূহে নিম্নোক্ত ফি আদায় করা যেতে পারে।

**প্রস্তাবিত ফি-**

| **আবাসিক কোর্সের মেয়াদ** | **আবেদন ফি (অফেরতযোগ্য)** | **কোর্স/ভর্তি ফি (অফেরতযোগ্য)** |
|---|---|---|
| ২ সপ্তাহ থেকে ১ মাস | ৫০/- | ৫০০/- |
| ২ মাস | ৫০/- | ৭০০/- |
| ৩ মাস | ৫০/- | ১০০০/- |
| ৬ মাস | ১০০/- | ২০০০/- |

**জামানত** – ১০০০/- (ফেরতযোগ্য)

প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ইনস্টিটিউটের অধ্যাপক ড. রবিউল ইসলাম বাস্তবতার নিরিখে আবেদন ফি এবং কোর্স ফি আরও বাড়ানোর প্রস্তাব করেন। কৃষি মন্ত্রণালয়ের উপস্থিত প্রতিনিধি এ বক্তব্যকে সমর্থন করেন এবং মেধাবী কিন্তু দুঃস্থ প্রশিক্ষণার্থীদের ক্ষেত্রে কোর্স ফি শিথিলকরণের প্রস্তাব করেন। এ প্রেক্ষিতে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর সভাকে বলেন যে মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রশিক্ষণার্থীর মেধা ও আর্থিক দিক বিবেচনায় এটি মওকুফ করতে পারেন মর্মে মতামত ব্যক্ত করেন। উপস্থিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে জানান যে প্রস্তাবিত আবেদন ফি এবং কোর্স ফি এর পরিমাণ তুলনামূলকভাবে খুব কম এবং তা শিথিলকরণের কোন ব্যবস্থা থাকলে অধিকাংশ প্রশিক্ষণার্থীই আবেদন করতে পারে। সভাপতি সহ কমিটির সদস্যবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন এবং সকল কোর্সের আবেদন ফি ১০০/- (একশত) টাকা নির্ধারণ করা যায় মর্মে অভিমত ব্যক্ত করেন। তবে প্রস্তাবিত কোর্স ফি'র সাথে সকল সদস্য একমত পোষণ করেন। এছাড়াও ভবিষ্যতে নির্বাহী কাউন্সিলের সিদ্ধান্তের আলোকে সকল ফি পুনঃনির্ধারণ করা যাবে। মহাপরিচালক এবং পরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের যৌথ স্বাক্ষরে একটি ব্যাংক হিসাবে এই অর্থ জমা করতে হবে। সভাপতি বলেন নির্বাহী কাউন্সিলে এই আয়ের তথ্য পেশ করতে হবে।

**সিদ্ধান্তঃ** ৪.১ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এ আগামী সেপ্টেম্বর ২০২৫ হতে পরিচালিত কোর্সসমূহে নিম্নোক্ত হারে ফি আদায় করতে হবেঃ

| **আবাসিক কোর্সের মেয়াদ** | **আবেদন ফি (অফেরতযোগ্য)** | **কোর্স/ভর্তি ফি (অফেরতযোগ্য)** |
|---|---|---|
| ২ সপ্তাহ থেকে ১ মাস | ১০০/- | ৫০০/- |
| ২ মাস | | ৭০০/- |
| ৩ মাস | | ১০০০/- |
| ৬ মাস | | ২০০০/- |

(সকল কোর্সের জামানত- ১০০০/- (ফেরতযোগ্য) আদায় করতে হবে)

৪.২ মহাপরিচালক ও পরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর যৌথ স্বাক্ষরে একটি ব্যাংক হিসাবে এই আদায়কৃত অর্থ জমা করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

**আলোচ্য বিষয় ০৫**

**বিষয়ঃ** **জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর প্রশিক্ষণ পরিচালনা ব্যয় খাত সংশোধন ও অনুমোদনঃ**

**আলোচনাঃ** সদস্যসচিব সভাকে জানান যে, ইনস্টিটিউটে পরিচালিত প্রশিক্ষণের সার্বিক মান বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কোর্সে নিয়মিত পরীক্ষা গ্রহণ এবং ব্যবহারিক সেশন পরিচালনা করা হলে প্রশিক্ষণ অধিক কার্যকর হয় মর্মে প্রতীয়মান। এ বিবেচনায় ব্যবহারিক সেশন এবং পরীক্ষা পরিচালনার জন্য নতুন ব্যয়খাত সৃষ্টি জরুরি। এছাড়া বিভিন্ন দ্রব্যের বাজারদর বৃদ্ধি পাওয়ায় উপকরণ খাত এবং শিক্ষা সফর পরিচালনা খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে। ইনস্টিটিউটে চলমান সকল কোর্স আবাসিক এবং ইনস্টিটিউটে নিয়মিত কোন চিকিৎসক না থাকায় প্রায়শই প্রশিক্ষণার্থীগণকে জরুরি চিকিৎসার্থে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাভার এবং বেসরকারি সহায়তা প্রদান করা যায়। এছাড়াও ইনস্টিটিউটে কর্মরত ইন্সট্রাক্টরগণকে কোর্সসমূহে সহকারী কোর্স সমন্বয়ক এর দায়িত্ব প্রদান করা হলেও তাদের ভাতার বিষয়টি ২০২২ এর ব্যয় বিভাজনে উল্লেখ করা হয়নি। এসকল বিষয় বিবেচনায় সদস্যসচিব প্রশিক্ষণ পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত নতুন ব্যয়খাতসমূহ প্রস্তাব করেন।

| | |
|---|---|
| পরীক্ষা ও মূল্যায়ন | ২ সপ্তাহ: ৪০০০/-, ১ মাস: ৮০০০/-,<br>২ মাস: ১২০০০/-, ৩ মাস: ১৫০০০/- |
| ব্যবহারিক উপকরণ (প্রযোজ্য ক্ষেত্রে) | ১০০০০/- (প্রতি মাস) |
| চিকিৎসা সহায়তা (প্রযোজ্য ক্ষেত্রে) | ৪ সপ্তাহ: ১০০০০/-, ২ মাস: ১৫০০০/-, |

| | |
|---|---|
| | ৩ মাস: ২০০০০/-, ৬ মাস: ২৫০০০/- |
| সহকারী কোর্স কো-অর্ডিনেটর এর সম্মানি | ৫০০০/- (প্রতি মাস) |
| নির্বাচনী পরীক্ষা (ডিপ্লোমা কোর্স) | ২৫০০০/- |

সভাপতি এপর্যায়ে বলেন যে, যেহেতু নতুন প্রশিক্ষণ ব্যয়খাত প্রস্তাব করা হয়েছে এবং প্রশিক্ষণ পরিচালনার ব্যয় বৃদ্ধি পাচ্ছে, সেহেতু যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব অনুবিভাগ প্রধান কে আহবায়ক করে একটি কমিটি গঠণ করতে হবে। প্রস্তাবিত নতুন খাতসমূহের ব্যয় কমিটির মাধ্যমে যাচাই বাছাই অন্তে অর্থ বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। উপস্থিত সকলে এই সিদ্ধান্তে একমত পোষণ করে।

**সিদ্ধান্তঃ** ৫.১ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব অনুবিভাগ প্রধান কে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করার জন্য সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কে অনুরোধ করা হয়। গঠিত কমিটি প্রস্তাবিত ব্যয় বিভাজন যাচাই বাছাই অন্তে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বরাবরে মতামতসহ প্রতিবেদন জমা দিবেন। অত:পর অর্থ বিভাগের অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** প্রধান, যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

**আলোচ্য বিষয় ০৬**

**বিষয়ঃ** **জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর তহবিল গঠনঃ**

**আলোচনাঃ** সদস্যসচিব সভাকে জানান যে, ইনস্টিটিউট কর্মচারীদের অবসর উত্তর সুবিধা ও পেনশন বাস্তবায়ন, আত্নকর্মী ও উদ্যোক্তাদের ঋণ প্রদান, একাডেমিক উৎকর্ষের স্বীকৃতি বা পুরস্কার ইত্যাদির ব্যয় নির্বাহের লক্ষ্যে আইন অনুসারে তহবিল গঠন করা প্রয়োজন। জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮-এর ধারা ২০ এ ইনস্টিটিউটের একটি তহবিল থাকবে এবং সেখানে বিভিন্ন উৎস হতে প্রাপ্ত অর্থ জমা হবে মর্মে উল্লেখ রয়েছে। তিনি সভাকে আরও জানান যে, এবিষয়ে ইতোমধ্যে তহবিল গঠনের লক্ষ্যে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা অনুদান চেয়ে মন্ত্রণালয়ে বিগত ২২ জুন ২০২৫ তারিখ পত্র প্রেরণ করা হলে মন্ত্রণালয় হতে তহবিল গঠনের বিষয়ে নির্বাহী কাউন্সিলের অনুমোদন আছে কি না এবং তহবিল কীভাবে ব্যবহার হবে তা জানতে চেয়ে ২২ জুলাই ২০২৫ তারিখ ইনস্টিটিউটে পত্র প্রেরণ করে। সভাপতি এ পর্যায়ে বলেন যে এধরণের তহবিল এ যে অর্থ থাকে তার প্রাপ্ত লভ্যাংশের ৭৫ শতাংশ প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠানে কর্মরতগণের উন্নয়নে ব্যয় করা যায়। যেহেতু প্রতিষ্ঠানের কোন নির্দিষ্ট আয় নেই সেহেতু এ ধরণের তহবিল গঠণ করা যেতে পারে। মহাপরিচালক ও পরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর যৌথ স্বাক্ষরে এ তহবিল পরিচালনা করতে হবে মর্মে সভাপতি মতামত প্রকাশ করলে উপস্থিত সভা একমত পোষণ করে। এছাড়াও তহবিল পরিচালনা ও অর্থ ব্যয়ের বিষয়ে প্রয়োজনীয় বিধিমালা/প্রবিধানমালা/নীতিমালা প্রণয়ন করতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্তঃ** ৬.১ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর তহবিল গঠণের লক্ষ্যে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা অনুদান প্রদানের সুপারিশ করা হলো।

৬.২ তহবিল পরিচালনা ও অর্থব্যয়ের লক্ষ্যে প্রয়োজনীয় বিধিমালা/ নীতিমালা/ প্রবিধানমালা প্রণয়ন করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

**আলোচ্য বিষয় ০৭**

**বিষয়ঃ** **বিবিধঃ**

**আলোচনাঃ** ১) সদস্যসচিব সভাকে জানান যে, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮ এর বিভিন্ন ধারায় তহবিল ব্যবস্থাপনা, রেজিস্ট্রারের কার্যাবলি, একাডেমিক কাউন্সিলের সময়কাল ও কার্যপরিধি নির্ধারণ ও কর্মচারি চাকরি প্রবিধানমালা প্রণয়ণের বিষয়ে বলা আছে। অদ্যাবধি কেবল জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট চাকরি প্রবিধানমালা ২০২১ প্রণীত হয়েছে। উল্লিখিত অন্যান্য বিষয়ে পরামর্শক প্রতিষ্ঠান কিংবা অবসরপ্রাপ্ত অভিজ্ঞ কর্মকর্তার সহায়তায় প্রয়োজনীয় নীতিমালা/ বিধিমালা/ প্রবিধানমালা প্রণয়ন করা যেতে পারে। এপর্যায়ে মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর বলেন যে, সকল বিষয়ের সম্মিলনে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮ এর আলোকে জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রবিধিমালা,২০২৫ প্রণয়ন করা যেতে পারে। একজন অভিজ্ঞ অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তার সহায়তায় একটি সমন্বিত প্রবিধিমালা প্রণয়ন করা যায় মর্মে সভায় একমত পোষন করা হয়।

২) সভায় উপস্থিত বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অতিরিক্ত পরিচালক প্রকৌশলী মো: জিয়াউর

রহমান সভাবে অবহিত করেন যে, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের সনদপত্রের মানোন্নয়নের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান যেমন: জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা যেতে পারে। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন ২০১৮ এর ৫(১২) ধারায় ইনস্টিটিউটের কার্যাবলী অংশে যুব বিনিময় কর্মসূচী গ্রহণ, যুব বিষয়ক প্রশিক্ষণ ও যুব উন্নয়ন বিষয়ে যৌথভাবে কাজ করবার লক্ষ্যে দেশী-বিদেশী বিশ্ববিদ্যালয়, ইনস্টিটিউট, স্থানীয় ও আন্তর্জাতিক যুব উন্নয়ন প্রতিষ্ঠান সমূহের সহিত চুক্তি সম্পাদনের বিষয় উল্লেখ রয়েছে।

৩) সদস্য সচিব সভাকে জানান যে, নির্বাহী কাউন্সিলে সভাপতি ও অন্যান্য সদস্যগণের সম্মানীর পরিমানে তারতম্য রয়েছে। নিয়ম অনুযায়ী সকল সদস্যের সম্মানী একই হওয়ার কথা । তিনি সভার সকল সম্মানিত সদস্যগণের সম্মানীর হার একই করার প্রস্তাব করলে সভাপতি ও উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন।

- **সিদ্ধান্তঃ**

৭.১.১ একজন অভিজ্ঞ অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তার সহায়তায় জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রবিধিমালা, ২০২৫ প্রণয়ন করতে হবে। সেবা প্রদানকারী হিসেবে নির্বাচিত কর্মকর্তাকে পিপিআর, ২০০৮ মোতাবেক সম্মানী/ফি প্রদান করা যাবে।

৭.১.২ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত সনদপত্রের মানোন্নয়ন এবং গ্রহণযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সাথে চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৭.১.৩ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের রেজিষ্ট্রেশন গ্রহণ পূর্বক ইনস্টিটিউটের পরীক্ষা পদ্ধতি ও সনদের মান উন্নয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৭.১.৪ নির্বাহী কাউন্সিলের সকল সদস্যের সম্মানীর হার ৫০০০/- (পাঁচ হাজার মাত্র) নির্ধারণ করা হলো, যা ১০ম সভা থেকে কার্যকর হবে।

**বাস্তবায়নকারীঃ** মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩.৯.২০২৫

মোঃ মাহবুব-উল-আলম
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ও
সভাপতি, নির্বাহী কাউন্সিল
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০০২.১৯ (অংশ-২)-১৭২

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩২ ব. / ০৩ সেপ্টেম্বর ২০২৫খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা (দৃঃআঃ- মোঃ মোখলেছুর রহমান আকন্দ, যুগ্মসচিব)।
০২। সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ- মোছাঃ আরজু আরা বেগম, যুগ্মসচিব)।
০৩। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ-ড. মোহাম্মদ জসিম উদ্দিন, উপসচিব)।
০৪। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা (দৃঃআঃ- দিলসাদ বেগম, যুগ্মসচিব)।
০৫। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ- মোঃ এনামুল হক, যুগ্মসচিব )।
০৬। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মোঃ আরমান হায়দার, যুগ্মসচিব) ।
০৭। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ- আয়েশা সিদ্দিকা, উপসচিব)।
০৮। রেক্টর, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (দৃঃআঃ- ড. মোঃ মহসিন আলী, এমডিএস)।
০৯। নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা (দৃঃআঃ- জেসমীন আক্তার, পরিচালক)।

১০। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা (দৃঃআঃ- প্রকৌশলী মোহাম্মদ জিয়াউর রহমান, অতিরিক্ত পরিচালক)।
১১। ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
১২। জনাব মো: আবু সাঈদ, নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা।
১৩। ড. শেখ জোবায়েদ হোসেন, যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। ড. মোঃ রবিউল ইসলাম, অধ্যাপক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৫। ড. মুহাম্মদ আরিফ আরাফাত, অধ্যাপক, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৬। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৭। প্রকৌশলী এম, মোখলেস উদ্দীন, অধ্যক্ষ, এ্যারোনেটিকাল কলেজ অব বাংলাদেশ, ঢাকা।
১৮। রেহনুমা করিম, পি.এইচ.ডি প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট, হিরোস ফর অল, ৪০/8, আল আমিন রোড, গ্রীন রোড, ঢাকা।
১৯। আবদুল্লাহ আল মামুন, প্রতিষ্ঠাতা সভাপতি, দরদি।
২০। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ফেডারেশন ভবন, ৬০ মতিঝিল বা/এ , ঢাকা।
২১। অফিস কপি।

০৩/০৭/২০২৫

ড. মহাঃ বশিরুল আলম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও
সদস্য সচিব, নির্বাহী কাউন্সিল
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট